DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 14 Sep 2026, 02:47 PM

সারাদেশ

# ব্রাহ্মণবাড়িয়া জেলা কারাগারে মিনি ফুটবল টুর্নামেন্টের ফাইনাল

প্রতিবেদক: ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি
প্রকাশের তারিখ: বৃহস্পতিবার, ১০ সেপ্টেম্বর ২০২৬, ০৭:৪৫ PM



উৎসবমুখর পরিবেশে ব্রাহ্মণবাড়িয়া জেলা কারাগারে বন্দিদের অংশগ্রহণে আয়োজিত মিনি ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে।

বুধবার (৯ সেপ্টেম্বর) আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ফাইনাল খেলার উদ্বোধন এবং বিজয়ী ও রানার্সআপ দলের হাতে ট্রফি তুলে দেন অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট এহসান মুরাদ।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, খেলাধুলা শুধু বিনোদন নয়, এটি বন্দিদের শারীরিক সক্ষমতা ও মানসিক প্রশান্তি বৃদ্ধির পাশাপাশি শৃঙ্খলা ও সহনশীলতার শিক্ষা দেয়। কারাবিধি মেনে নিয়মিত শরীরচর্চা এবং কারামুক্তির পর অপরাধের পথ পরিহার করে সমাজে দায়িত্বশীল নাগরিক হিসেবে ফিরে আসাই হওয়া উচিত বন্দিদের মূল লক্ষ্য।

অনুষ্ঠানে ব্রাহ্মণবাড়িয়া জেলা কারাগারের জেল সুপার মো. মুজিবুর রহমান মজুমদার, জেলার হুমায়ুন কবির হাওলাদার, ডেপুটি জেলার জসিম

উদ্দিনসহ কারাগারের কর্মকর্তা-কর্মচারীরা উপস্থিত ছিলেন।

টুর্নামেন্ট শেষে বিজয়ী ও রানার্সআপ দলের খেলোয়াড়দের হাতে ট্রফি ও আকর্ষণীয় পুরস্কার তুলে দেয়া হয়। বন্দিদের ইতিবাচক ও গঠনমূলক কর্মকাণ্ডে উৎসাহিত করতে কারা কর্তৃপক্ষের এ ধরনের আয়োজন গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে সংশ্লিষ্টরা মনে করছেন।

---

## এ বিভাগের আরও খবর



**ফোন না ধরায় টিকিট কাউন্টারে গিয়ে মারধরের অভিযোগ যুবদল নেতার বিরুদ্ধে**

ব্রাহ্মণবাড়িয়া রেলওয়ে স্টেশনে তিতাস কমিউটার ট্রেনের টিকিট কাউন্টারে ঢুকে কর্মীদের মারধরের অভিযোগ উঠেছে এক যুবদল নেতার বিরুদ্ধে।মঙ্গলবার বেলা...



**৩ হাজার বাতির পৌরসভায় দেড় হাজারই নষ্ট, অন্ধকারে নরসিংদীর ঘোড়াশাল**

শিল্পাঞ্চল হিসেবে পরিচিত নরসিংদীর ঘোড়াশাল পৌর এলাকায় সন্ধ্যা নামলেই নেমে আসে অন্ধকার। দীর্ঘদিন ধরে অধিকাংশ সড়কবাতি নষ্ট হয়ে থাকায় প্রধান সড়ক...




**সার্ভার হ্যাক করে এনআইডি-সিডিআরসহ গোপন তথ্য সরবরাহ, যুবক গ্রেপ্তার**

নওগাঁর মান্দায় নির্বাচন কমিশনের সার্ভারে সংরক্ষিত নাগরিকদের ব্যক্তিগত ও গোপন তথ্য সংগ্রহ করে অর্থের বিনিময়ে সরবরাহের অভিযোগে মো. আব্দুস সালা...




**যৌতুকের জন্য গৃহবধূকে হত্যার অভিযোগ পরিবারের, গ্রেফতার দাবি**

নীলফামারীতে যৌতুকের জন্য নাছরিন নাহার (৩৫) নামে এক গৃহবধূকে পরিকল্পিতভাবে হত্যা করা হয়েছে বলে অভিযোগ করেছে তাঁর পরিবার। এ ঘটনায় জড়িতদের দ্রু...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/saradesh/brahmnbariya-jela-karagare-mini-futbl-turnamenter-fainal